

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১৫১৫

১৩/ সুনাহ

পরিচ্ছেদঃ অনুসরণের নমুনা

আরবী

عَنْ الْبَرَاءِ أَنَّ النبي عَلِيْ صَلَّى أَوَّلَ صَلَاةٍ قِبل مَكة صَلَاةَ الْعَصْرِ وَصَلَّى مَعَهُ قَوْمٌ فَخَرَجَ رَجُلٌ مِمَّنْ صَلَّى مَعَهُ فَمَرَّ عَلَى أَهْلِ مَسْجِدٍ وَهُمْ رَاكِعُونَ فَقَالَ أَشْهَدُ بِاللهِ لَقَدْ صَلَّيْتُ مَعْ رَسُولِ اللهِ عَلَى أَهْلِ مَسْجِدٍ وَهُمْ وَالْكِعُونَ فَقَالَ أَشْهَدُ بِاللهِ لَقَدْ صَلَّيْتُ مَعَ رَسُولِ اللهِ عَلَى أَهْلُ مَكَّةَ فَدَارُوا كَمَا هُمْ قِبَلَ الْبَيْتِ

বাংলা

(১৫১৫) বারা (রাঃ) থেকে বর্ণিত, মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে এক ব্যক্তি আসরের নামায পড়ে কতিপয় আনসারদের নিকট দিয়ে পার হয়ে যাচ্ছিলেন। তিনি তাদেরকে বাইতুল মান্কদেসের দিকে মুখ করে নামায পড়তে দেখে কসম খেয়ে বললেন যে, 'তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সঙ্গে নামায পড়ে আসছেন, আর (কিবলা পরিবর্তন করে) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর মুখ কা'বার দিকে ফিরিয়ে দেওয়া হয়েছে।' তাঁরা এই সংবাদ শুনেই আসরের নামাযের রুকুর অবস্থাতেই কা'বার দিকে ঘুরে পড়লেন।

ফুটনোট

(বুখারী ৪০, মুসলিম ১২০৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ বারা'আ ইবনু আযিব (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন